

বিসিপিএস নং-আরটিএম-৭১২/২০২৪/২৪১৬৯

তারিখঃ ৩০/১১/২০২৪ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বিসিপিএস এর ফেলোশীপ প্রোগ্রামের আওতায় এফসিপিএস ১ম পর্ব পাসকৃত বিসিপিএস কর্তৃক স্বীকৃত সরকারি, সংবিধিবদ্ধ, ট্রাস্টি বোর্ড দ্বারা পরিচালিত অলাভজনক এবং বিশেষায়িত হাসপাতাল ও মেডিকেল প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন বিভাগে জুলাই ২০২৪ খ্রিঃ থেকে ডিসেম্বর ২০২৪ খ্রিঃ পর্যন্ত বেসরকারি/ অবৈতনিক প্রশিক্ষণার্থী হিসেবে এফসিপিএস ২য় পর্বের প্রশিক্ষণে আছেন, তাঁদেরকে পারিতোষিক ভাতা প্রদান করা হবে। পারিতোষিক বিল ফরম বিসিপিএস এর ওয়েবসাইটের <https://application1.bcps.edu.bd/> লিঙ্কে প্রবেশ করে অনলাইনে যথাযথভাবে পূরণ করতে হবে। পূরণকৃত বিল ফরমটি প্রিন্ট করে সীল ও স্বাক্ষর এবং ১০ টাকা মূল্যের রেভিনিউ স্ট্যাম্প সংযুক্ত করে প্রয়োজনীয় কাগজপত্র সহ আগামী ১২ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে কলেজের আরটিএম বিভাগ, ব্লক-বি, ২য় তলায় অফিস চলাকালীন সময়ে জমা দেয়ার জন্য সংশ্লিষ্ট সবাইকে অনুরোধ করা যাচ্ছে।

উল্লেখ্য যে, যে সকল প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ স্থলের বাইরে অন্য কোথাও কোন প্রকার চাকরি/ডিউটি/প্র্যাকটিস করেন অথবা অন্য কোন উৎস হতে বেতন/ ভাতাদি গ্রহণ করেন তাঁদের বেলায় উক্ত পারিতোষিকের জন্য আবেদন গ্রহণযোগ্য নয়।

এতদসংক্রান্ত বিষয়ে বিস্তারিত তথ্য জানার জন্য কলেজের ওয়েবসাইট www.bcps.edu.bd ভিজিট করুন।

(অধ্যাপক আবুল বাশার মোঃ জামাল)
সচিব, বিসিপিএস।



সংযুক্তিঃ

- ১। এফসিপিএস ১ম পর্ব পাস করা বেসরকারি/অবৈতনিক প্রশিক্ষণার্থীদের পারিতোষিক ভাতা প্রদান সংক্রান্ত নীতিমালা।
- ২। বেসরকারি/অবৈতনিক প্রশিক্ষণার্থীদের ভাতাদি (পারিতোষিক) প্রদান বিল ফরম পূরণ ও জমাদানের নির্দেশাবলী।